JUL 1 3 2002

যুগান্তর

তারিখ ........ পৃষ্ঠা ৬ কলাম ১

# ঢাবি'র আইইআর অচল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অচল হয়ে পড়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট (আইইআর)। বিভিন্ন চাকরিতে আবেদন করার যোগ্যতা ও স্বতন্ত্র ক্যাডার সার্ভিস চালুর দাবিতে গত ৭ দিন ধরে ইন্সটিটিউটের ছাত্রছাত্রীরা ক্লাস বর্জন করে পুরো একাডেমিক কার্যক্রম বন্ধ করে দিয়েছে। শিক্ষামন্ত্রী, সরকারি কর্মকমিশন (পিএসসি) ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্দোলনকারীদের দাবির সঙ্গে নীতিগতভাবে ঐকমত্য পোষণ করলেও দাবি মানা না পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবে।

জানা যায়, শিক্ষা ক্ষেত্রে উচ্চ পর্যায়ের বিভিন্ন পেশাগত দায়িত্ব পালনের উপযোগী সুদক্ষ, বিশেষজ্ঞ জনশক্তি তৈরি এবং শিক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ গবেষণা পরিচালনার জন্য মার্কিন সহায়তায় ১৯৬০ সালের ১ জুলাই এ ইন্সটিটিউট যাত্রা শুরু করে। এরপর থেকে ৩৫ বছর ধরে ইন্সটিটিউটটি ডিপ্লোমা এন্ড এডুকেশন এবং মাস্টার্স অব এডুকেশন (খণ্ডকালীন) দুটি প্রোগ্রাম চালিয়ে যাচ্ছে। ১৯৯৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষাক্ষেত্রে বিষয় বিশেষজ্ঞ যেমন-শিক্ষাক্রম বিশেষজ্ঞ, শিক্ষা পরিকল্পনা ও ব্যবস্থাপক, শিক্ষা মূল্যায়ন ও গবেষক ইত্যাদি বিষয়ের ব্যাপারে দক্ষ লোকবল তৈরির জন্য ইন্সটিটিউটে একটি স্বতন্ত্র বিষয় বা বিভাগ চালু করার সিদ্ধান্ত নেয়। ১৯৯৪-৯৫ সাল থেকে শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে ডিপ্লোমা ইন এডুকেশনের পরিবর্তে ৩ বছর মেয়াদি অনার্স কোর্স চালু করা হয়। বর্তমানে অনার্স ও মাস্টার্স শেষ করতে একজন শিক্ষার্থীকে ১০ সেমিস্টার শেষ করতে হয়। তবে পিএসসিতে শিক্ষা (সম্মান) বিষয় হিসাবে তা অন্তর্ভুক্ত না হওয়ায় পাস করা শিক্ষার্থীরা শিক্ষা ক্যাডারে যেতে পারছে না। পাশাপাশি অনেকে নিয়োগ পরীক্ষায় অবতীর্ণ ও উত্তীর্ণ হয়ে ওইসব ক্ষেত্রে নিয়োগ পাচ্ছে না। এমনকি দেশের সরকারি ১০টি শিক্ষক প্রশিক্ষণ কলেজেও তারা সাধারণভাবে যেতে পারছে না।